# নেত্রকোনা পৌরসভা কার্যালয়
## নেত্রকোনা।

### ''আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা '' বিষয়ক স্থায়ী কমিটি

সভাপতি ঃ জনাব মোঃ নজরুল ইসলাম খান

পদবী ঃ মেয়র, নেত্রকোনা পৌরসভা।

সভার তারিখ ঃ ১৪/০৩/২০২২ সভার স্থান ঃ পৌর মিলনায়তন

রোজ ঃ সোমবার সময় ঃ ১১.০০

### উপস্থিতি হাজিরা

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ নজরুল ইসলাম খান | মেয়র | |
| ০২ | জনাব মোঃ হেলাল উদ্দিন শেখ (হেলাল) | কাউন্সিলর | |
| ০৩ | জনাব মোঃ হেলিম আহমেদ | কাউন্সিলর | |
| ০৪ | জনাব মোছাম্মৎ শামীম আরা খানম | কাউন্সিলর | |
| ০৫ | জনাবা শিমুল চৌধুরী বেবী | কাউন্সিলর | |

# নেত্রকোণা পৌরসভা কার্যালয়

নেত্রকোণা।
স্থাপিত-১৮৮৭ খ্রিঃ
দুরালাপনী ঃ ০২৯৯৬৬৫১৫৭১
www.netrakonapourashava.com
ই-মেইল ঃ *netrakonapourashava@gmail.com*

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-নেত্র/পৌর/প্রশাঃ/২০২২/৬১/১ তারিখ ঃ- ০৮/০৩/২০২২ খ্রিঃ

প্রাপক ঃ-

জনাব ......................................................................
কাউন্সিলর............নং ওয়ার্ড,নেত্রকোণা পৌরসভা ও
সদস্য,'আইন শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি',
নেত্রকোণা পৌরসভা।

বিষয় ঃ- **'আইন শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি'র সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নেত্রকোণা পৌরসভায় গঠিত 'আইন শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি'র সভা আগামী- ১৪/০৩/২০২২ খ্রিঃ রোজঃ- সোমবার সকাল ১১.০০ ঘটিকায় নেত্রকোণা পৌরসভার সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হ'লো।

৮/৩/২২

( মোঃ নজরুল ইসলাম খান )
সভাপতি
'আইন শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি'
ও
মেয়র
নেত্রকোণা পৌরসভা।

আলোচ্য সূচী ঃ- ১। বিগত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।
২। বিভিন্ন সরকারি প্রোগ্রাম উপলক্ষে নেত্রকোণা পৌরসভার আইন শৃঙ্খলা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।
৩। বিবিধ।

# সভা নং- ০৪

অদ্য- ১৪/০৩/২০২২ খ্রিঃ অনুষ্ঠিত "আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির" সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ- জনাব মোঃ নজরুল ইসলাম খান
মেয়র, নেত্রকোনা পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন, নেত্রকোনা পৌরসভা। সভার তারিখ ঃ- ১৪/০৩/২০২২ খ্রিঃ।

বার ঃ- সোমবার সময় ঃ সকাল ঃ- ১১.০০ ঘটিকা।

## সভায় উপস্থিত সদস্য বৃন্দ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ নজরুল ইসলাম খান | মেয়র, | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোঃ হেলাল উদ্দিন শেখ (হেলাল) | কাউন্সিলর | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোঃ হেলিম আহমেদ | কাউন্সিলর | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোছাম্মৎ শামীম আরা খানম | কাউন্সিলর | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব শিমুল চৌধুরী বেবী | কাউন্সিলর | স্বাক্ষরিত |

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

আলোচ্য সূচী ঃ- ০১ বিগত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।

আলোচনা ঃ- সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র পৌরসভার সচিব সাহেব বিগত ২৮/১২/২০২১ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এতে কমিটির সদস্যদের পক্ষ থেকে কোনরূপ পরিবর্তন/পরিবর্ধনের প্রয়োজন না থাকায় তাহা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।

আলোচন্য সূচী ঃ- ০২ ঃ বিভিন্ন সরকারি প্রোগ্রাম উপলক্ষে নেত্রকোনা পৌরসভার আইন শৃঙ্খলা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ- সভাপতি মহোদয় সভা শুরুতেই সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক সভায় বলেন যে, আগামী ১৭ ই মার্চ, ২০২২ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মদিন পালন, ২৫ মার্চ, ২০২২ গণহত্যা দিবস পালন, ২৬ মার্চ, ২০২২ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন হবে। উক্ত ০৩ টি রাষ্ট্রীয় প্রোগ্রাম ছাড়াও অন্যান্য সরকারি প্রোগ্রাম উপলক্ষে নেত্রকোণা পৌরসভার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পৌর পরিষদের প্রত্যেক সদস্যকে সজাগ দৃষ্টি রাখতে অনুরোধ জানান। কোভিড-১৯ মহামারির কারণে বাংলাদেশে বেকারত্বের সংখ্যা বেড়ে গেছে। যার কিছু অংশ নেত্রকোনা পৌরসভাতেও আছে। এই বেকার যুবকরা চুরি ছিনতাই এর মতো কাজে নিজেকে জড়িয়ে ফেলছে। মাদক

দ্রব্য, জুয়া, ফেনসিডিল, ইয়াবা এর ব্যবহার ইদানিং বেড়ে গেছে। পুলিশ প্রশাসন যথেষ্ট তৎপর আছে। তারা দিনরাত পরিশ্রম করে যাচ্ছে। তাদের বক্তব্য অনুযায়ী নেশাগ্রস্থ ব্যক্তিদের বেশিরভাগই যুবক। তারা ইয়াবা, আইস, ক্রিস্টাল ইত্যাদি নেশাজাতীয় মাদকের পিছনে দৌড়াচ্ছে। ইয়াবা সেবন করে নেশাগ্রস্থ যুবকরা প্রতিনিয়ত অপরাধ জগতের দিকে পা বাড়াচ্ছে। তারা ইয়াবার টাকা জোগাড় করার জন্য ছিনতাই, চুরিসহ নানা অপরাধমূলক কাজের সঙ্গে জড়িত হচ্ছে। কাজেই উল্লেখিত বিষয়ে অভিভাবকসহ পৌর পরিষদের সকল সদস্যদের সঠিক পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। তাতে পৌর এলাকার যুব সমাজ ধ্বংসের হাত থেকে রেহাই পাবে। পৌর পরিষদের সকল সদস্যদেরকে পুলিশ প্রশাসনকে সার্বিকভাবে সহযোগিতা করার জন্য মেয়র মহোদয় ব্যক্তিগতভাবে অনুরোধ জানান।

মাননীয় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ০৫ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ হেলিম আহমেদ সভায় বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে সরকার বিভিন্ন কর্মসূচী গ্রহণ করে যাচ্ছে। সরকারের এ মহত উদ্যোগ বাধাগ্রস্থ করার জন্য কিছু লোক সময়ে সময়ে খারাপ কাজ করার জন্য ওৎ পেতে থাকে। এ বিষয়ে কোন তথ্য থাকলে সরাসরি মেয়র মহোদয় অথবা পুলিশ প্রশাসনকে অবগত করার জন্য বিনীত অনুরোধ জানান।

কমিটির সদস্য ও প্যানেল অব মেয়র-৩ জনাব মোছাম্মৎ শামীম আরা খানম বলেন যে, শত অভাবের পড়েও নেত্রকোনা পৌর এলাকায় কোন বড় ধরণের অপ্রিতীকর ঘটনা ঘটেনি। কিন্তু চুরির সংখ্যা বেড়ে গেছে। এ বিষয়ে এলাকাভিত্তিক গন্যমান্য ব্যক্তিবর্গের সঙ্গে মতবিনিময় করে নৈশ প্রহরী দিয়ে এলাকা পাহাড়া দেওয়ার জন্য সুপারিশ করেন। পাশাপাশি নিরাপত্তার স্বার্থে পুলিশ প্রশাসনকে সার্বক্ষনিক সহযোগিতা করার কথা জানান। তিনি আরও বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০২২ উদযাপন উপলক্ষে জেলা প্রশাসক, পুলিশ সুপার ও জাতির শ্রেষ্ঠ সন্তানদের নিয়ে পৌরসভার পক্ষ থেকে কোন মহতী অনুষ্ঠান আয়োজন করা যায় কিনা সে বিষয়ে মত প্রকাশ করেন। পৌর পরিষদের সকল সদস্য এ প্রস্তাবকে স্বাগত জানান।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির অন্যতম সদস্য জনাব শিমুল চৌধুরী বেবী , সংরক্ষিত কাউন্সিলর ৭,৮,৯ নং ওয়ার্ড জানান যে, প্রশাসনের নির্দেশনা অনুযায়ী পৌর এলাকায় প্রতিটি ওয়ার্ডে যে সকল বাসাবাড়ি বড় ধরণের, ব্যবসা প্রতিষ্ঠান শো-রুম আকারের তাদের প্রত্যেক মালিককে আইন শৃঙ্খলা রক্ষার্থে বাসার সামনের অংশে দুই দিকেই সিসি ক্যামেরা স্থাপনের জন্য চাপ প্রয়োগ করতে হবে। তিনি আরও বলেন যে, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০২২ উদযাপন উপলক্ষে জাতির বীর সন্তানদের সংবর্ধনা দেওয়ার প্রস্তাব রাখেন।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির অন্যতম সদস্য ও প্যানেল অব মেয়র-২ জনাব হেলাল উদ্দিন শেখ (হেলাল) বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত মাদক বিরোধী অভিযান চলমান থাকার সময় মাদকের ভয়াবহতা অনেকটা রোধ করা সম্ভব হয়েছে। এর মাত্রা কোন অবস্থাতেই যাতে বৃদ্ধি না পাই সেদিকে প্রশাসনের তৎপরতা আগের মতো বহাল থাকে সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, আঞ্জুমান স্কুলের ছাত্ররা ক্লাস চলমান থাকা অবস্থায় পাশের গলিতে মারামারি নিয়ে ব্যস্ত থাকে। প্রতিনিয়তই এর ভয়াবহতা যেন

বৃদ্ধি পাচ্ছে। আগামী জেলা আইন শৃঙ্খলা কমিটির সভায় এ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের সঙ্গে বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ বিভিন্ন সরকারি প্রোগ্রাম উপলক্ষে নেত্রকোণা পৌরসভার আইন শৃঙ্খলা পরিস্থিতির সার্বিক বিষয় প্রসঙ্গে সভায় বিস্তারিত আলোচনা করা হলো। সার্বিক আলোচনান্তে জন্মশতবার্ষিকী ও মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০২২ উদযাপন উপলক্ষে সরকার কর্তৃক গৃহিত কর্মসূচীর আওতায় পৌরসভার পক্ষ থেকে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা, আইন শৃঙ্খলা পরিস্থিতির দিকে বিশেষ নজর দেওয়া, করোনা কালীন সময়ে বাসা বড়ির নিরাপত্তা পরিস্থিতি স্বাভাবিক রাখা ও এলাকাভিত্তিক নৈশ প্রহরীর ব্যবস্থা করা, পৌর এলাকায় প্রতি ওয়ার্ডে যে সকল বাসাবাড়ি এবং ব্যবসা প্রতিষ্ঠান শো-রুম আকারের তাদের প্রত্যেক মালিককে আইন শৃঙ্খলা রক্ষার্থে বাসা বা প্রতিষ্ঠানের সামনের অংশে দুই দিকেই সিসি ক্যামেরা স্থাপনের বিষয়ে উদ্বুদ্ধকরণ এবং আঞ্জুমান স্কুলের পাশের গলিতে কোন ধরণের যাতে অপ্রিতীকর ঘটনা না ঘটে সে বিষয়ে পরবর্তী জেলা আইন শৃঙ্খলা কমিটির সভায় এ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

সভায় অন্য আর কোন আলোচনা না থাকায় মাননীয় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৪/৩/২২

(মোঃ নজরুল ইসলাম খান)
সভাপতি
"আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি" ও
মেয়র
নেত্রকোনা পৌরসভা।

স্মারক নং- নেত্র/পৌর/প্রশা/২২/ ১৬৬ তারিখঃ- ১৪/০৩/২০২২ খ্রিঃ

অনুলিপি অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

০১। জনাব/জনাবা ..........................................................

সদস্য, "আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি", নোত্রকোনা পৌরসভা।

০২। সংরক্ষণ।

১৪/৩/২২

(মোঃ নজরুল ইসলাম খান)
সভাপতি
"আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি" ও
মেয়র
নেত্রকোনা পৌরসভা।

১৪/৩/২২